

রংপুর বোকেয়া বিশ্ববিদ্যালয়
বকেয়া বেতনের দাবিতে
শিক্ষক-কর্মচারীদের প্রশাসন
ভবনে তাল

জেলা বার্তা পরিবেশক, রংপুর

ঈদ বোনাস এবং ৩ মাসের বকেয়া বেতন পরিশোধের দাবিতে রংপুর বেগম বোকেয়া বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে তাল স্থলিয়ে দিয়ে বিক্ষোভ শুরু করেছে কর্মকর্তা-কর্মচারীরা। সেই সঙ্গে দুপুর ১টা থেকে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোজাম্মেল হককে তার কক্ষে অবরুদ্ধ করে রেখেছে তারা। অন্যদিকে একই দাবিতে মুক্তিযুদ্ধের চেতনায় প্রগতিশীল শিক্ষিত সমাজের উদ্যোগে ৫ দিন ধরে বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালন করছেন শিক্ষকরা। তারা সব ক্লাস ও পরীক্ষা নেয়া থেকে বিরত রয়েছেন। পুলিশ ও কর্মচারীরা জাঁদায়, গত ৩ মাস ধরে বাজেট বরাদ্দ নেই- এই অল্পহাতে বিশ্ববিদ্যালয়ের প্রায় সাড়ে ৬শ' কর্মকর্তা-কর্মচারীকে বেতন দিচ্ছে না। ফলে পরিবার-পরিজন নিয়ে মানবেতর দিন কাটাচ্ছেন তারা। এদিকে ঈদের আর ময়ত্র কয়েকদিন বাকি। বেতন পুরে থাক ঈদ বোনাস পর্যন্ত দেয়ার কোন পদক্ষেপ গ্রহণ করছে না প্রশাসন। এভাবে বারবার আকৃতি জানিয়েও কোন কাজ হয়নি। ডিষ্টো উপাচার্য বেশ কয়েকদিন ঢাকায় অবস্থান করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার রংপুর সফর উপলক্ষে বুধবার রংপুরে এসে আবারও ৭ দিনের ছুটি নিয়ে ঢাকায় চলে গেছেন। বিষয়টি জানাজানি হলে কর্মকর্তা-কর্মচারীরা বিক্ষোভে ফেটে পড়ে এবং প্রশাসনিক ভবনে তাল স্থলিয়ে দিয়ে বিক্ষোভ করে। এক পর্যায়ে ভারপ্রাপ্ত উপাচার্য ও বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোজাম্মেল হককে তার কক্ষে অবরুদ্ধ করে বেতন ও ঈদ বোনাসের দাবিতে বিক্ষোভ অব্যাহত রাখে তারা।